

প্রকাশিত মেধা তালিকা হতে অবশিষ্ট শূণ্য আসনে ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে বি.এসসি ইঞ্জিনিয়ারিং কোর্সের প্রথম বর্ষ প্রথম সেমিস্টারে ভর্তির জন্য গৃহিত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর, এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এবং পরীক্ষার্থীগণের বিভাগ পছন্দের ক্রম বিবেচনায় অবশিষ্ট শূণ্য আসনে ভর্তির জন্য নির্বাচিত পরীক্ষার্থীর নিম্নোক্ত (ক্রমিক ঘ) তালিকা প্রকাশ করা হল। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীগণকে ০৭ জানুয়ারী হতে ০৯ জানুয়ারী ২০১৭ তারিখের মধ্যে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ পূর্বক ভর্তি হতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে কোন নির্বাচিত পরীক্ষার্থী ভর্তি না হলে তার নির্বাচন বাতিল হবে।

ভর্তির জন্য অনুসরণীয় নিয়মাবলীঃ

ক) ভর্তি ও ভর্তি ফি প্রদানের নিয়মাবলীঃ

১। নির্বাচিত প্রার্থীগণ ভর্তি ফি বাবদ ৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকা প্রার্থীটির রোল নম্বর এর বিপরীতে ডাচ-বাংলা ব্যাংক লিমিটেডের (DBBL) মোবাইল ব্যাংকিং একাউন্ট বা এজেন্ট পয়েন্টের মাধ্যমে সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের **Biller ID 339** নং এ জমা দিয়ে ভর্তি হতে হবে।

২। সঠিকভাবে ভর্তি ফি প্রদান করা হলে প্রার্থীর মোবাইলে একটি **SMS** এর মাধ্যমে ভর্তির বিষয় নিশ্চিত করা হবে।

খ) অরিয়েন্টেশন এবং ক্লাশ শুরু তারিখ ও সময়ঃ

২১ জানুয়ারী ২০১৭ তারিখ সকাল ৯:০০ ঘটিকায় সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজের ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের অরিয়েন্টেশন এবং ক্লাশ শুরু হবে।

গ) ক্লাশ শুরুর দিন নিম্নের ডকুমেন্ট সমূহ জমা দিতে হবেঃ

১। এসএসসি এবং এইচএসসি পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং প্রত্যেক ট্রান্সক্রিপ্ট এর ২(দুই) সেট সত্যায়িত ফটোকপি।

২। মুক্তিযোদ্ধা/উপজাতি কোটায় ভর্তির ক্ষেত্রে প্রার্থীকে সংশ্লিষ্ট মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।

৩। ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি।

(বিঃদ্র: ক্লাস শুরুর সর্বোচ্চ ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ক্লাসে উপস্থিত হয়ে মূল ট্রান্সক্রিপ্ট সমূহ জমা দিতে হবে। অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।)

ঘ) অবশিষ্ট শূণ্য আসনে ভর্তি যোগ্য ছাত্র-ছাত্রীদের রোল নম্বরঃ

সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগঃ (মেধাক্রম অনুসারে)→

2260	1958
------	------

অধ্যক্ষ
সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ
সিলেট।